উপজেলা পরিষদ কার্যালয়
নবীগঞ্জ,হবিগঞ্জ।
Website : nabiganj.habiganj.gov.bd

**২৫ অক্টোবর,- ২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত নবীগঞ্জ উপজেলা পরিষদ যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী ঃ-**

সভাপতি ঃ জনাব নাজমা বেগম
মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ।

সভার তারিখ ঃ ২৫ অক্টোবর, ২০২১ খ্রিষ্টাব্দ সময় ঃ বেলা ১২.০০ ঘটিকা।

সভার স্থান ঃ মহিলা ভাইস চেয়ারম্যান এর কার্যালয়, উপজেলা পরিষদ,নবীগঞ্জ, হবিগঞ্জ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হল।

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং বিগত সভার কার্যবিবরণী ও অদ্যকার সভার আলোচ্য সূচি পাঠ করার জন্য সদস্য সচিব, যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটি, উপজেলা পরিষদ, নবীগঞ্জকে নির্দেশ প্রদান করেন।

সভাপতির নির্দেশক্রমে জনাব সাব্বির আহমেদ, উপজেলা প্রকৌশলী ও সদস্য সচিব, যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটি, নবীগঞ্জ, হবিগঞ্জ বিগত সভার কার্যবিবরণী পাঠ করে সকলকে শুনান এবং কোনরূপ সংশোধন না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর নিম্নরূপ আলোচ্য সূচির আলোকে পার্শ্বে বর্ণিত সুপারিশসমুহ সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | **ক)** উপজেলা প্রকৌশলী সাব্বির আহমেদ অদ্যকার সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে এডিপি বাস্তবায়নের লক্ষ্যে অতিদ্রুত পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। কারন নবীগঞ্জ উপজেলায় বিভিন্ন ইউনিয়নে অনেক ডোবা জায়গা রয়েছে। সে সকল স্থানে শুষ্ক মৌসুমে প্রকল্পের কাজ সম্পন্ন করতে হবে। এছাড়া উপজেলা প্রকৌশল বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবেই বাস্তবায়িত হচ্ছে। | **ক)** বিস্তারিত আলোচনার পর আগামী ২৮/১১/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিতব্য ইউনিয়ন পরিষদের নির্বাচনের পরে এডিপির প্রকল্প বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীগঞ্জ।<br>০২। উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ<br>০৩। উপজেলা প্রকৌশলী, নবীগঞ্জ |
| ০২. | **ক)** উপজেলা প্রকৌশলী জনাব সাব্বির আহমেদ অদ্যকার সভায় জানান যে, বিগত ০৯/০৮/২০২১ খ্রি. তারিখের মাসিক সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবনের সামনের আরসিসি সড়কের অবশিষ্ট অংশ পার্কিং টাইলস দ্বারা সংস্কার করা হয়েছে। এখাতে প্রায় ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা ব্যয় হয়েছে তিনি পরিষদকে অবহিত করেন। এ বিষয়ে সভায় আলোচনা হয় এবং উপস্থিত সকল সদস্যবৃন্দ বিল পরিশোধের বিষয়ে মতামত প্রদান করেন। | **ক)** উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে যাবতীয় ব্যয় নির্বাহ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীগঞ্জ।<br>০২। উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ<br>০৩। উপজেলা প্রকৌশলী, নবীগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | **ঘ)** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা কর্তৃক বিগত ২৪/১০/২০১৯ খ্রি. তারিখে ৪৬.০০.০০০০.০৪৬.২৬.০৬৩. ১৪-৯০৪ নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবনের অভ্যন্তরে দক্ষিণ দিকে সান্ধ্যকালীন অফিস যুগোপযোগী করার নিমিত্ত নির্দেশনা প্রদান করেছেন। এ বিষয়ে সভায় আলোচনা এবং সান্ধ্যকালীন অফিস যুগোপযোগী করার বিষয়ে উপস্থিত সকল সদস্যবৃন্দ মতামত প্রদান করেন। | **ঘ)** সান্ধ্যকালীন অফিস নির্মাণের নিমিত্ত প্রাক্কলনের ভিত্তিতে বরাদ্দ প্রদান বা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ের প্রশাসনিক অনুমোদন চেয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে পত্র প্রেরণের বিষয়ে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীগঞ্জ।<br>০২। উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ<br>০৩। উপজেলা প্রকৌশলী, নবীগঞ্জ |

অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নাজমা বেগম)
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো
বিষয়ক স্থায়ী কমিটি, উপজেলা পরিষদ
নবীগঞ্জ, হবিগঞ্জ।
তারিখঃ ২৫-১০-২০২১ খ্রিঃ

স্মারক নং- ৪৬.৬০.৩৬৭৭.০০০.৯০২.০০১.২১-৫২১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,নবীগঞ্জ, হবিগঞ্জ।
২। উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ।
৩। অফিস কপি।

25.10.21

সদস্য সচিব
উপজেলা যোগাযোগ ও ভৌত অবকাঠামো
বিষয়ক স্থায়ী কমিটি
নবীগঞ্জ, হবিগঞ্জ।

সম্মানিত সদস্যবৃন্দের হাজিরা-

| ক্রমিক | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব নাজমা বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীগঞ্জ | সভাপতি | |
| ০২ | জনাব মোঃ ছাদু মিয়া | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নবীগঞ্জ | সম্মানিত সদস্য | |
| ০৩ | জনাব মোঃ আব্দুর নুর | চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), ১০ নং গজনাইপুর, ইউ/পি, নবীগঞ্জ | সম্মানিত সদস্য | |
| ০৪ | জনাব মোঃ বজলুর রশীদ | সাবেক চেয়ারম্যান ৩নং ইনাতগঞ্জ , নবীগঞ্জ | সম্মানিত সদস্য | |
| ০৫ | জনাব মোঃ শফিকুর রহমান | গণ্যমান্য ব্যাক্তি, মধ্যবাজার, নবীগঞ্জ | সম্মানিত সদস্য | |
| ০৬ | জনাব মোঃ সাব্বির আহমেদ | উপজেলা প্রকৌশলী, নবীগঞ্জ | সদস্য সচিব | |

উপজেলা প্রকৌশলীর কার্যালয়
নবীগঞ্জ,হবিগঞ্জ।

-ঃ সভার নোটিশ ঃ-

স্মারক নং- ৪৬.৬০.৩৬৭৭.০০০.১৪.০০১.২১- ৫৩৭/(২)    তারিখঃ ২১-১০-২০২১ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের আলোকে সংশ্লিষ্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৫/১০/২০২১খ্রিঃ তারিখ রোজ বুধবার বেলা ১২.০০ ঘটিকায় মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষে, নবীগঞ্জ যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব নাজমা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, নবীগঞ্জ, হবিগঞ্জ।

উল্লিখিত তারিখ ও সময়ে আপনাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচী ঃ

০৫. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
০৬. এডিপি সংক্রান্ত আলোচনা।
০৭. সিদ্ধান্তের অগ্রগতি ও পর্যালোচনা।
০৮. বিবিধ।

S. Ahmed
২১.১০.২১

(সাব্বির আহমেদ)
উপজেলা প্রকৌশলী
ও
সদস্য সচিব
যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী কমিটি
নবীগঞ্জ, হবিগঞ্জ।

প্রাপক ঃ

.......................................................
.......................................................
.......................................................

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে ঃ

০৭.মাননীয় সংসদ সদস্য, নবীগঞ্জ-বাহুবল নির্বাচনী এলাকা-হবিগঞ্জ-১
০৮.জেলা প্রশাসক, হবিগঞ্জ। [দৃষ্টি আকর্ষণ ঃ উপ-পরিচালক,স্থানীয় সরকার,হবিগঞ্জ]
০৯.চেয়ারম্যান,উপজেলা পরিষদ, নবীগঞ্জ,হবিগঞ্জ।
১০.উপজেলা নির্বাহী অফিসার,নবীগঞ্জ,হবিগঞ্জ।
১১. মহিলা ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ, নবীগঞ্জ,হবিগঞ্জ।
১২.অফিস কপি।